

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
ইরেসপো-২য় পর্যায়  
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫


স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০১৬.২২. ৬৪৭

তারিখ: ১৯ জুন ২০২৩

বিষয়: জেলা পর্যায়ে কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (TTC)/NSDA অনুমোদিত প্রশিক্ষণ কেন্দ্রে সুফলভোগী সদস্যদের ২ মাস (৩১২ ঘন্টা) এবং ১ মাস ব্যাপী দীর্ঘমেয়াদী প্রশিক্ষণ প্রদান।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (ইরেসপো)- ২য় পর্যায়” শীর্ষক প্রকল্পের অনুমোদিত আরডিপিপিতে সুফলভোগী সদস্যদের ২ মাস (৩১২ ঘন্টা) এবং ১ মাস ব্যাপি প্রশিক্ষণ প্রদানের সংস্থান রয়েছে। সে আলোকে আগামী ২০২৩-২৪ অর্থবছর হতে সুফলভোগী সদস্যদের উদ্যোক্তা সৃষ্টি ও কর্মসংস্থানের লক্ষ্যে তাদের চাহিদা অনুযায়ী জেলা পর্যায়ে কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (TTC)/NSDA অনুমোদিত প্রশিক্ষণ কেন্দ্রে আবাসিক প্রশিক্ষণ আয়োজন করার প্রয়োজন হবে। উল্লেখ্য, ২ মাস ব্যাপি প্রশিক্ষণসমূহ NSDA Standard কারিকুলাম অনুযায়ী আবাসিক এবং প্রশিক্ষণ শেষে NSDA/NSDA অনুরূপ মূল্যায়নপূর্বক সনদপত্র প্রদানযোগ্য হবে। যেহেতু উক্ত প্রশিক্ষণসমূহ শুধুমাত্র মহিলা সদস্যদের প্রদান করা হবে বিধায় উক্ত কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (TTC)/NSDA অনুমোদিত প্রশিক্ষণ কেন্দ্রের সার্বিক নিরাপত্তা, আবাসন ব্যবস্থা ও খাবার বিষয়ে বিশেষভাবে বিবেচনা করতে হবে। আরো উল্লেখ্য, প্রশিক্ষণ প্রতিষ্ঠানে কি কি ট্রেডে প্রশিক্ষণ প্রদানের সুযোগ বিদ্যমান রয়েছে অথবা সুফলভোগী মহিলা সদস্যদের চাহিদা মোতাবেক ট্রেডে প্রশিক্ষণ প্রদানের সক্ষমতা রয়েছে সে বিষয়ে তথ্য জানা প্রয়োজন।

এমতাবস্থায়, উপরোক্ত নির্দেশনার আলোকে আপনার জেলায় মহিলা সুফলভোগী সদস্যদের দীর্ঘমেয়াদী প্রশিক্ষণসমূহ আয়োজনের লক্ষ্যে সরেজমিনে যাচাইপূর্বক আগামী ০৬/০৭/২০২৩ তারিখের মধ্যে মতামত প্রদান করার জন্য অনুরোধ করা হলো।

  
মোহাম্মদ রাশেদুল আলম  
প্রকল্প পরিচালক  
ফোন : ৪১০১০৩৪১

উপপরিচালক

বিআরডিবি, জেলা: ..... (প্রকল্পভুক্ত)।

**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :**

১. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
২. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলা: ....., জেলা: ..... (প্রকল্পভুক্ত)।
৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৪. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলা: ....., জেলা: .....
৫. পরিচালক (পরিকল্পনা) এর একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৬. অফিস নথি।